পল্টন হত্যায় জড়িতদের বিচারের দাবিতে সিলেটে গোলাপগঞ্জে জামায়াতের মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত।

লেখক: প্রকাশক | প্রকাশিত: 29 October 2026, 09:55 AM | বিভাগ: সারাদেশ

২০০৬ সালের ২৮ অক্টোবর রাজধানীর পল্টনে লগি বৈঠার তাণ্ডবে শাহাদাত বরণকারী শহীদ মুজাহিদুল ইসলাম, শহীদ গোলাম কিবরিয়া শিপন সহ একদিনে শুধুমাত্র রাজধানীতে নিহত ১৩জন শহীদ সহ সকল হত্যায় জড়িত ফ্যাসিস্ট শেখ হাসিনা ও তার দোসরদের বিচারের দাবিতে

বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্র ঘোষিত দেশব্যাপী বিক্ষোভ মিছিল কর্মসূচীর অংশ হিসেবে অদ্য ২৮ অক্টোবর, বুধবার,বাদ আসর উপজেলা চৌমুহনা জামে মসজিদ সম্মুখ হতে মিছিলটি বের হয়ে গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে চৌমহনী পয়েন্টে গিয়ে সমাবেশে মিলিত হয়।

জামাল উদ্দীনের সভাপতিত্বে ও

উপজেলা সেক্রেটারী মো: গোলাম দস্তগীর এর পরিচালনায় মিছিল পরবর্তী সমাবেশে বক্তব্য রাখেন

উপজেলা আমীর আব্দুল আজিজ, রায়হান উদ্দীন রেহান

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সেক্রেটারি মোঃ জয়নাল আবেদীন

"লগি বৈঠার রাজনীতি চলবে না, চলবে না" "মানুষ হত্যার রাজনীতি চলবে না চলবে না ,"" "বিচারহীনতার রাজনীতি চলবে না চলবে না " "দালালি না রাজপথ,রাজপথ রাজপথ, "দিল্লি না ঢাকা, ঢাকা ঢাকা" "আপোষ না সংগ্রাম, সংগ্রাম সংগ্রাম" "অবিলম্বে জুলাই সনদ,বাস্তবায়ন করতে হবে " "শহীদদের রক্ত, বৃথা যেতে পারে না" প্রভৃতি স্লোগান সম্বলিত বিক্ষোভ মিছিল পরবর্তী সমাবেশে সভাপতির বক্তব্যে ইঞ্জিনিয়ার মোঃ শাহেদ আলী বলেন,২০০৬ সালের রক্তে ভেজা ২৮ অক্টোবর ঢাকার রাজপথে লগি-বৈঠার নজিরবিহীন তাণ্ডব ও নৃসংশতা ছিল বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক কলঙ্কজনক ও কালো অধ্যায়।

সেদিনের সেই নির্মম হত্যাকাণ্ড ও নৈরাজ্যের মধ্য দিয়েই দেশে দীর্ঘ দুই দশকের ফ্যাসিবাদ, গণতন্ত্র হত্যা ও নাগরিক অধিকার হরণের যাত্রা শুরু হয়েছিল।ঐতিহাসিক এই ঘটনার দুই দশক পূর্তি হতে চলছে। আজও হত্যাকারীদের বিচার হয়নি।

তিনি আরো বলেন,২০০৬ সালের ২৮ অক্টোবরের হত্যাকান্ডের জন্য মামলা করা হলো। কিন্তু ২০০৯ সালের ফ্যাসিস্ট সরকার সেই মামলা এমনভাবে প্রত্যাহার করে নিল সেই সাথে মামলার নথিপত্র ও নিখোঁজ করে দিল। আজকে সেই শহীদের মায়েরা বিচারের জন্য কাঁদে।

শহীদ পরিবারের দাবী ২৮ অক্টোবরের মামলা পুনরুজ্জীবিত করে অপরাধীদের গ্রেফতার করুন ও অবিলম্বে বিচারের আওতায় নিয়ে আসুন। জুলাই পরবর্তী বাংলাদেশে জনগণ আর বিচারহীনতার রাজনীতি দেখতে চায় না।

জেলা সেক্রেটারী কষ্ট করে এসে মিছিল সফল করার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাবেশের সমাপ্তি ঘোষণা করে

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।